

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৮৯৭

খোয়াই, ১৯ ফেব্রুয়ারি, ২০২৪

খোয়াই জেলার উন্নয়ন প্রকল্প নিয়ে রাজ্যপালের মতবিনিময় সভা



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ খোয়াই জেলা প্রশাসনের কনফারেন্স হলে খোয়াই জেলার বিভিন্ন উন্নয়ন প্রকল্প নিয়ে এক মতবিনিময় সভায় মিলিত হন। সভায় জেলাশাসক চাঁদনী চন্দ্রন, রাজ্যপালের সচিব ইউ কে চাকমা, ডিএফও অক্ষয় বি ভোদো, পুলিশ সুপার ড. রমেশ যাদব, বিভিন্ন ব্লকের বিডিওগণ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় জেলাশাসক চাঁদনী চন্দ্রন পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে জেলার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের বিষয়ে রাজ্যপালকে অবহিত করেন।

মতবিনিময় সভায় রাজ্যপাল উদ্যান দপ্তরের মাধ্যমে পামওয়েল চাষ ও কুইন ভ্যারাইটি আনারস চাষকে আরও উৎসাহিত করতে ও বৈজ্ঞানিক পদ্ধতি ব্যবহার এবং টিসু কালচার পদ্ধতি গ্রহণ করার জন্য পরামর্শ দেন। কৃষকদের মধ্যে পেডি হারভেস্টিং মেশিন প্রদান করতে তিনি পরামর্শ দেন। প্রাণীপালনে মানুষকে আরও বেশী করে উৎসাহিত করতে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের জেলা আধিকারিকদের পরামর্শ দেন রাজ্যপাল। পানীয়জল, বিদ্যুৎ, সেচের সুবিধা বাড়ানো ইত্যাদি ব্যবস্থার সম্প্রসারণ করতে তিনি আধিকারিকদের বলেন। সভায় রাজ্যপাল বলেন, কেন্দ্রীয় প্রকল্পে বিভিন্ন উন্নয়নমূলক কাজগুলি দেখার উদ্দেশ্যেই তিনি বিভিন্ন জেলা পরিদর্শন করছেন।

খোয়াই জেলা পুলিশ প্রশাসনের পক্ষ থেকে জেলাশাসক কার্যালয়ে রাজ্যপালকে গার্ড অব অনার প্রদান করা হয় ও জেলাশাসক কার্যালয়ে রাজ্যপাল ১টি আগর গাছ রোপন করেন। তিনি জেলাশাসক কার্যালয়ে টিআরএলএমের স্টলের ফিতা কেটে আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এর পর রাজ্যপাল রামচন্দ্রঘাটে জহর নবোদয় বিদ্যালয় পরিদর্শন করেন এবং বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সাথে মতবিনিময় করেন। তিনি বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের দ্বারা অনুষ্ঠিত সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন। এর পর সন্ধ্যায় রাজ্যপাল তুলাশিখর ব্লকের রাজনগরস্থিত একলব্য রেসিডেন্সিয়াল মডেল স্কুল পরিদর্শন করেন। মডেল স্কুলে তিনি ছাত্রছাত্রীদের সাথে মতবিনিময় করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলাশাসক চাঁদনী চন্দ্রন, পুলিশ সুপার ড. রমেশ যাদব সহ আধিকারিকগণ প্রমুখ। এর পর জেলাপ্রশাসনের উদ্যোগে স্থানীয় ডাকবাংলোয় সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

\*\*\*\*\*